গাংনীতে সড়ক দুর্ঘটনায় পাখিভ্যান চালক নিহত

স্যালো ইঞ্জিন চালিত অবৈধ স্ট্রীয়ারিং গাড়ির ধাক্কায় লিটন (৩৮) নামের এক পাখিভ্যান চালক নিহত হয়েছেন।
নিহত লিটন গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামের ইয়াসিন আলীর ছেলে।

আজ সোমবার (৫ আগষ্ট) বিকালের দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার ছাতিয়ান বাসস্ট্যান্ডের কাছে এই দুর্ঘটনা ঘটে।

তবে, অবৈধ যান স্ট্রীয়ারিং গাড়ির চালক কুষ্টিয়ার মিরপুর উপজেলার নওদা আজমপুর গ্রামের হামজাদ আলীর ছেলে জনি মিয়াকে জনগণ আটক করে রাখলেও কঁমারীডাঙ্গা ক্যাম্পের ইনচার্জ এসআই সোয়েবুর রহমান তাকে ছেড়ে দেন।

স্থানীয় প্রত্যক্ষদর্শীরা জানান, পাখিভ্যান চালক লিটন বামন্দী থেকে ছাতিয়ানের দিকে যাচ্ছিলেন। এসময় পেছন দিক থেকে দ্রুতগামী স্ট্রিয়ারিং গাড়িটি গিয়ে তাকে ধাক্কা দিলে রাস্তার উপর পড়ে গুরুতর আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে নেওয়ার সময় মারা যান তিনি।

খবর পেয়ে কুমারীডাঙ্গা ক্যাম্পের ইনচার্জ এসআই সোয়েবুর রহমানের নেতৃত্বে পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছান। পরে অজ্ঞাত কারনে স্ট্রীয়ারিং এর ঘাতক চালক জনি মিয়াকে ছেড়ে দেন।

এসআই সোয়েবুর রহমান জানান, বিষয়টি উভয় পক্ষই মিমাংসা করে ফেলাই তাকে ছেড়ে দেওয়া হয়েছে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় চারজন

[redacted]

[redacted]-[redacted] [redacted] [redacted] [

গাংনীতে সড়কে প্রাণ হারালেন প্রতিবন্ধী নারী

মেহেরপুরের গাংনীতে গরু বোঝাই দ্রুতগামি স্যালোইঞ্জিন চালিত লাটাহাম্বার চাকায় শাড়ি আটকিয়ে প্রাণ হারালেন নিছারন নেছা (৫৫) নামের এক মানসিক প্রতিবন্ধী।

শনিবার (২৭ জুলাই) সকাল সাড়ে নয়টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার চোখতোলা মাঠ নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।
নিছারন নেছা উপজেলার কাষ্টদহ গ্রামের আব্দুল মোতালেবের মেয়ে। ঘটনার পরপরই লাটাহাম্বার চালক ও গরুর মালিকরা গরু নিয়ে পালিয়ে যায়।

স্থানীয়রা জানান, মানসিক প্রতিবন্ধী নিছারন নেছা চোখতোলা হতে জোড়পুকুরিয়ার দিকে রাস্তার ডান পাশ দিয়ে হেটে যাচ্ছিলেন। গরু বোঝাই লাটাহাম্বারটি বামন্দী থেকে গাংনীর দিকে আসছিলো। দ্রুত গতির লাটাহাম্বারটি ঢালাই রাস্তা থেকে নতুন নির্মিত রাস্তায় নামার সময় স্থানে নিয়ন্ত্রণ হারিয়ে ওই নারীর উপর উঠে যায়। এসময় চাকার সাথে শাড়ি আটকিয়ে ঘটনাস্থলেই মারা যান তিনি। এর পরপরই পালিয়ে যায় লাটাহাম্বার চালক ও গাড়িতে থাকা গরু ব্যবসায়ীরা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: তাজুল ইসলাম জানান, খবর পেয়ে পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছে নিহতের মরদেহ উদ্ধার করেছে।

কোটচাঁদপুরে সড়ক দুর্ঘটনায় নি*হ*ত ১

ঝিনাইদহের মহেশপুরের বারমাসিয়া মোড়ে মঙ্গলবার বিকেল ৩ টার সময় মটরসাইকেল আর যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছে। ওই ঘটনায় মশিয়ার রহমান নামের এক কীটনাশক কোম্পানির প্রতিনিধি

মারা গেছে।

মৃত মশিয়ার রহমানের মামাত ভাই পান্না বলেন,কালিগঞ্জের নলডাঙ্গার দুতরাজপুর গ্রামে বাড়ি মশিয়ার রহমানের (৩৫)। সে ওই গ্রামের হেলাল উদ্দিনের ছেলে। মশিয়ার কোটচাঁদপুর জীবননগর এলাকা এসআই এগ্রো ইন্টারন্যাশনাল কীটনাশক কোম্পানিতে চাকুরী করতেন।

সকালে বাড়ি থেকে বের হয়ে জীবননগর গিয়ে ছিল। ওই সময় সে মার্কেট শেষে বাড়ি ফিরছিল। পথিমধ্যে মহেশপুরের বারমাসিয়া নামক স্থানে পৌছালে শাপলা পরিবহনের যাত্রী বাহী বাসের সঙ্গে সংঘর্ষ হয়। এতে করে সে গুরুতর আহত হন।

খবর পেয়ে কোটচাঁদপুর ফায়ার সার্ভিস সদস্যরা উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। তবে স্বাস্থ্য কমপ্লেক্সে আসার আগেই তাঁর মৃত্যু হয়েছে বলে জানতে পেরেছি। মশিয়ার রহমান দুই সন্তানের জনক।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক সুমন ঘোষ বলেন,ফায়ার সার্ভিস কর্মীরা স্বাস্থ্য কমপ্লেক্সে মৃত অবস্থায় নিয়ে আসেন। আমরা চিকিৎসা দেয়ার সময় হয়নি।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) সাঈদ আল মামুন বলেন, ঘটনাটি ঘটেছে মহেশপুরের ভিতর। তারা বাসটি উদ্ধার করেছেন,কিনা জানিনা। তবে মৃত দেহের সুরতহাল করবো আমরা। ওই ঘটনায় মামলা হবে কিনা জানিনা।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় বিএনপি নেতা ও সাবেক ইউপি চেয়ারম্যান আহত

মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান সিরাজুল ইসলাম (৫৬) সড়ক দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন।

আজ বৃহস্পতিবার (৩০ মে) দুপুরের দিকে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার বাওট বীরমুক্তিযোদ্ধা আব্দুল গণি কলেজের সামনে এই দুর্ঘটনা ঘটে।

আজত সিরাজুল ইসলামকে স্থানীয়রা উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, বিএনপি নেতা ও চেয়ারম্যান সিরাজুল ইসলাম মোটরসাইকেল যোগে বাওট বাজার থেকে আকুবপুরের দিকে যাচ্ছিলেন। বাওট কলেজের সামনে পৌছানো মাত্রই বিপরীত দিক থেকে আসা ইঞ্জিনচালিত পাখি ভ্যানের চাকা খুলে এসে মোটরসাইকেলের সাথে ধাক্কা লাগে। এতে সিরাজুল ইসলাম রাস্তার উপর পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন। সেখানে তার অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

চিকিৎসকের উদ্ধৃতি দিয়ে তিনি বলেন, তার বুকের কলার বোন ভেঙ্গে গেছে এবং শরীরের বিভিন্ন স্থানে জখম হয়েছে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় শশুর ও পুত্রবধু আহত

মেহেরপুর—কুষ্টিয়া সড়কের চোখতোলা নামক স্থানে নির্মাণাধীন রাস্তার ছড়ানো খোঁয়ায় মোটরসাইকেল দুর্ঘটনায় শশুর জামাল উদ্দীন (৭৫) ও তার পুত্রবধু তমা খাতুন (২৪) মারাত্বক আহত হয়েছেন।

আজ রবিবার সন্ধ্যায় এই দুর্ঘটনা ঘটে। আহতদের বাড়ি গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহত জামাল উদ্দীন জানান, সন্ধ্যার দিকে পুত্রবধু তমা খাতুনকে

নিয়ে মোটরসাইকেলযোগে গাংনী উপজেলার চেংগাড়া থেকে নিজ গ্রাম হোগলবাড়িয়াতে যাচ্ছিলেন। চোখতোলা নামক স্থানে রাস্তার উপর ছড়ানো পাথরের উপর মোটরসাইকেলের চাকা উঠে গেলে নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার উপর পড়ে যায়। পরে স্থানীয়রা তাদের আহতাবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন।

মুজিবনগর সড়ক দুর্ঘটনায় যুবকের প্রাণহানি

মেহেরপুরের মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় সবুজ নামের এক যুবক নিহত হয়েছে আহত হয়েছেন, আহত হয়েছেন তৌফিক নামের আরেক যুবক ।

আজ বুধবার রাত সাড়ে ৯টার দিকে মুজিবনগর-দর্শনা সড়কের বল্লভপুর ভোগীর চারা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত সবুজ সদর উপজেলার বাড়িবাকা গ্রামের পাখি সেনের ছেলে।

হাসপাতাল সূত্রে জানা গেছে, যুবক সবুজ ও তৌফিক মোটরসাইকেল যোগে মুজিবননগরের বাগোয়ান গ্রাম থেকে কেদারগঞ্জে দিকে যাচ্ছিল। মুজিবনগর দর্শনা প্রধান সড়কের বল্লভপুর ভোগীর চারা নামক স্থানে পৌছালে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে পাশে স্ট্রীট লাইটের পোলের সাথে ধাক্কা মেরে গুরুতর আহত হয় ।

এ সময় পথচারিরা তাদের উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হলে চিকিৎসক সবুজকে মৃত ঘোষণা করে। এবং তৌফিকের অবস্থা গুরুতর হওয়ায় তাকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দুর্ঘটনায় ব্যাংক কর্মকর্তা নিহত

ঝিনাইদহের কালীগঞ্জে মোটরসাইকেল থেকে পড়ে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে হাসানুজ্জামান (৪৫) নামে এক ব্যাংক কর্মকর্তা নিহত হয়েছেন। আজ সোমবার ভোর সাড়ে ৫টার দিকে কালীগঞ্জ মেইন বাসস্ট্যান্ড এলাকায় এই দুর্ঘটনা ঘটে।

নিহত হাসানুজ্জামান ঝিনাইদহ সদর উপজেলার নারিকেলবাড়িয়া এলাকার শমসের আলীর ছেলে। তিনি সাতক্ষীরায় আইএফআইসি ব্যাংকের ম্যানেজার হিসেবে কর্মরত ছিলেন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, ভোরে মোটরসাইকেলযোগে ঝিনাইদহ থেকে সাতক্ষীরায় যাচ্ছিলেন হাসানুজ্জামান। পথিমধ্যে কালীগঞ্জ মেইন বাসস্ট্যান্ড এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা অপর একটি মোটরসাইকেলের সঙ্গে ধাক্কা লাগে। এ সময় তিনি সড়কের ওপরে পড়ে গেলে পিছন দিক থেকে আসা একটি ট্রাক তাকে চাপা দিয়ে পিষ্ট করে। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। পরে ফায়ার সার্ভিসের কর্মীরা এসে ছিন্নবিচ্ছিন্ন মরদেহ উদ্ধার করে।

কালীগঞ্জ থানার এস আই মহিদুল ইসলাম জানান, ভোরে ট্রাকচাপায় এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছে। ঘাতক ট্রাক, চালক ও হেলপারকে আটক করেছে পুলিশ।

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় নি*হত-২

কুষ্টিয়ার মিরপুরে যাত্রীবাহী বাসচাপায় সুকুমাল (৫২) নামে এক ভ্যানচালকের মৃত্যু হয়েছে। আজ বৃহস্পতিবার বিকেলে কুষ্টিয়া- মেহেরপুর সড়কের মিরপুর বিজিবি ক্যাম্পের সামনে এ দূর্ঘটনা ঘটে।

নিহত ভ্যানচালক তুফানমাল মিরপুর উপজেলার ধুবাইল স্কুলপাড়া এলাকার

বাসিন্দা।

প্রত্যক্ষদর্শীরা জানান, সড়ক উন্নয়নে কাজ চলমান রাখতে রাস্তা থেকে পার্শ্ববর্তীতে রাস্তা সমান্তরাল করা হচ্ছে। কিন্তু মুল সড়কে খানাখন্দের সৃষ্টির কারণে চলন্ত একটি বাস মুল সড়ক থেকে সাইডের সড়ক দিয়ে চালানোর সময় নিয়ন্ত্রণ হারিয়ে পাখি ভ্যানকে ধাক্কা দিলে ঘটনাস্থলেই ভ্যানচালক মারা যান।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোস্তফা হাবিবুল্লাহ জানান, বিকেলে দ্রুতগামী একটি বাসের ধাক্কায় পাখি ভ্যান চালক রাস্তায় ছিটকে পড়ে ঘটনাস্থলেই নিহত হন। তার মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়।

অপরদিকে বিকেলের দিকে কুষ্টিয়া সদর উপজেলার পাটিকাবাড়ীর নওদাপাড়া এলাকায় শ্যালো ইঞ্জিন চালিত ট্রলির ধাক্কায় জলিল মন্ডল (৭০) নামে এক বৃদ্ধার মর্মান্তিক মৃত্যু হয়। পুলিশ মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠায়।